



## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: জাককানইবি/রেজি/নবিজনি/১৬৩২/২২/৫৭৮৩

তারিখ: ০৭/০৬/২০২২ইং

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আস্থান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স (বছর)	যোগ্যতা
০১	সহযোগী অধ্যাপক বেতন স্কেল-৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০/-) দর্শন বিভাগ	০১টি		ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ বা ৫.০০ উভয় স্কেলে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) এমফিল/সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তদুপরি, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।
০২	প্রভাষক বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-) দর্শন বিভাগ	০১টি		ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০ থাকতে হবে। খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ বা ৫.০০ উভয় স্কেলে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

শর্তাবলী :

- আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ২৮/০৬/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। মূল দরখাস্তের একটি সফটকপি নির্দিষ্ট তারিখের মধ্যে [scpcdu@gmail.com](mailto:scpcdu@gmail.com) এই ঠিকানায় পাঠাতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.jkknui.edu.bd](http://www.jkknui.edu.bd) ভিজিট করুন।
- প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে :  
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি।  
(খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের অনুলিপি।  
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।  
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।  
(ঙ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আস্থান করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ পদের জন্য ১০০০/- টাকা ক্রমিক নং ০২ পদের জন্য ৮০০/- টাকার (অফেরযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.jkknui.edu.bd](http://www.jkknui.edu.bd) থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যাহত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সূচলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।
- সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(কাম্বিন্ড স. মো. হুমায়ুন কবীর)  
রেজিস্ট্রার  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪।  
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪